



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
(রাজস্ব শাখা)

www.moulvibazar.gov.bd

স্মারক নং: ০৫.৪৬.৫৮০০.০০৯.১৬.০০৬.২৩- ৬৭৫


তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: রাজনগর উপজেলাধীন ২০ একরের উর্ধ্বের “পেয়ালা বিল (বন্ধ)” জলমহাল ইজারা সংক্রান্ত।

সূত্র: ১) জনাব আবুল মিয়া, সভাপতি, নীল আকাশ মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড, গ্রাম: রক্তা, ডাকঘর: পাঁচগাঁও, উপজেলা: রাজনগর, জেলা: মৌলভীবাজার এর ০২/০৫/২০২৩খ্রি. তারিখের আবেদন।
২) ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ২৮/০৩/২০২৩খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০০৬.২৩-৩৪৪নং স্মারক।
৩) এ কার্যালয়ের ০৬/০৪/২০২৩খ্রি. তারিখের ০৫.৪৬.৫৮০০.০০৯.৬৭.০০১.২২-৪৯৬নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও ০১নং সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রাজনগর উপজেলাধীন ২০ একরের উর্ধ্বের “পেয়ালা বিল (বন্ধ)” জলমহালটি উন্নয়ন প্রকল্পে ১৪৩০-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা/বন্দোবস্ত প্রদানের নিমিত্ত ২২/০৩/২০২৩খ্রি. তারিখে অনুষ্ঠিত সরকারি জলমহাল ইজারা প্রদান সংক্রান্ত কমিটির ৭৩(তিয়াত্তর)তম সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে সূত্রোক্ত ০২নং স্মারকে আপনার সমিতির অনুকূলে প্রথম ০৪ (চার) বছর বার্ষিক ৪,৭৫,০০০/- (চার লক্ষ পঁচাত্তর হাজার) টাকা হারে এবং পরবর্তী ০২ (দুই) বছর উক্ত অংকের ২৫% বর্ধিত মূল্যে ইজারা প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে আলোচ্য জলমহালের ১৪৩০ বাংলা সনের ইজারামূল্য বাবদ ৪,৭৫,০০০/- (চার লক্ষ পঁচাত্তর হাজার) টাকা, ১০% আয়কর ও ১৫% ভ্যাট ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে এককালীন পরিশোধ করার জন্য আপনার/আপনার সমিতি বরাবর সূত্রোক্ত ০৩নং স্মারকে পত্র প্রেরণ করা হয়। ইতোমধ্যে ১৫(পনেরো) কার্যদিবস অতিবাহিত হওয়া সত্ত্বেও আপনি/আপনার সমিতি অদ্যাবধি ইজারামূল্য ও অন্যান্য করাদি পরিশোধ করেননি। অধিকন্তু, ১৪৩০ বাংলা সনের সরকারি ইজারামূল্য ও অন্যান্য করাদি পরিশোধের জন্য সময় প্রার্থনা করেছেন যা সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৭(৭)নং অনুচ্ছেদ অনুযায়ী বিবেচনার কোনো সুযোগ নেই।

এমতাবস্থায়, সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর ৭(৭) অনুচ্ছেদ অনুযায়ী আপনার/আপনার সমিতির নামীয় আলোচ্য জলমহালের চলমান ১৪৩০ বঙ্গাব্দের ইজারা বাতিল করা হলো এবং জামানত বাবদ দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হলো।


(ড. উর্মি বিনতে সালাম)
জেলা প্রশাসক
মৌলভীবাজার

ফোন নং: ০২৯৯৬৬৮৩২০২

ই-মেইল: dcmoulvibazar@mopa.gov.bd


জনাব আবুল মিয়া
সভাপতি
নীল আকাশ মৎস্যজীবী সমবায় সমিতি লিমিটেড
সাং- রক্তা, ডাক- পাঁচগাঁও
উপজেলা- রাজনগর, জেলা- মৌলভীবাজার।

স্মারক নং: ০৫.৪৬.৫৮০০.০০৯.১৬.০০৬.২৩- ৬৭৫/১(৬)

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ মে ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

- ০১) সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
- ০৩) উপজেলা নির্বাহী অফিসার, রাজনগর, মৌলভীবাজার।
- ০৪) সহকারী কমিশনার (ভূমি), রাজনগর, মৌলভীবাজার (পত্রটি প্রাপক বরাবর যথাযথভাবে জারীপূর্বক অনতিবিলম্বে জারী প্রতিবেদন প্রেরণের জন্য)।
- ০৫) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (পত্রটি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য)।
- ০৬) অফিস কপি/মাস্টার কপি।


জেলা প্রশাসক
মৌলভীবাজার